



মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরাহাট।

মোঃ মাকবুজ্জামান  
উপপরিচালক (জনসংযোগ)  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০  
ইমেইল: prompa6@gmail.com  
ওয়েব সাইট: www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

## “মোংলা বন্দর দিয়ে প্রথমবারের মত রসুন আমদানি”

সিংগাপুরের পতাকাবাহী এমভি মার্কস ডাভাও জাহাজটি চীনের কুইংডো বন্দর থেকে ছেড়ে এসে ১৮ জুলাই মোংলা বন্দরে পৌঁছায়। জাহাজটি থেকে ২২৯ টিইইউজ কন্টেইনার মোংলা বন্দরে খালাস করা হয়। এর মধ্যে ২ (দুই) টি ৪০ ফিট কন্টেইনারে ৫৮ মেট্রিক টন রসুন আমদানি হয়। মোংলা বন্দরের মাধ্যমে এই প্রথম রসুন আমদানি হয় যা ২৮ জুলাই মোংলা কাস্টমস হাউজ কর্তৃক কায়িক পরিষ্কা সম্পন্ন শেষে খালাসের অপেক্ষায় আছে।

মোংলা বন্দর দিয়ে ০১ জুলাই থেকে ২৭ জুলাই, ২৪ খ্রি. পর্যন্ত মোট ৫৭ টি বিদেশী বাণিজ্যিক জাহাজে জুট, জুট গুডস, চিংড়ি, সাদামাছ, তৈরি পোষাক, কটন, স্লাগ ইত্যাদি রপ্তানি এবং মেশিনারিজ, সার, কয়লা, পাথর, জিপসাম, গ্যাস, সয়াবিন তেল, পাম ওয়েল, ফ্ল্যাইএস, গাড়ি ইত্যাদি আমদানি হয় যার পরিমাণ ৫লক্ষ ৯৫ হাজার মেট্রিক টন কার্গো, ১৪৭৪ টিইইউজ কন্টেইনার এবং ১৩৪৯ টি গাড়ি।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৯ জুলাই, ২০২৪ খ্রি.

মো: মাকবুজ্জামান

উপপরিচালক (জনসংযোগ)